

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০১.২০.৬৪৭


তারিখ: ১০ কার্তিক, ১৪২৮ ব.
২৬ অক্টোবর, ২০২১ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয় : সংশোধিত শিক্ষক নিবন্ধন সনদ এবং দ্বিনকল/ডুপ্লিকেট শিক্ষক নিবন্ধন সনদে স্মারক/নথি নম্বর এবং ইস্যুর তারিখ সংযোজন।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের বিদ্যমান সেবাসমূহ সহজিকরণের অংশ হিসেবে সংশোধিত এবং দ্বিনকল/ডুপ্লিকেট শিক্ষক নিবন্ধন সনদের জালিয়াতি প্রতিরোধকল্পে নিবন্ধনধারী শিক্ষকগণের সংশোধিত শিক্ষক নিবন্ধন সনদ এবং দ্বিনকল/ডুপ্লিকেট শিক্ষক নিবন্ধন সনদে স্মারক/নথি নম্বর এবং ইস্যুর তারিখ সংযোজনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সংযোজিত তথ্যাদির মাধ্যমে সনদের সঠিকতা যাচাই করা যাবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(ফিরোজ আহমেদ)

সহকারী পরিচালক (পমূপ্র-১)
ad_exam1@ntrca.gov.bd

☎: ০২-৫৫১৩৮৫০৮